

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ১১. ৩. পুরাতন নিয়মের অন্যান্য পুস্তক

পুরাতন নিয়মের অন্যান্য পুস্তকের অবস্থাও একই। এখানে তুলনামূলক অনেক পরের যুগের একটা বাইবেলীয় পুস্তক 'যিরমিয়ের পুস্তকের' অবস্থা উল্লেখ করেই পুরাতন নিয়ম প্রসঙ্গ শেষ করছি।

বাইবেলের বর্ণনা অনুসারে যিরমিয় খ্রিষ্টপূর্ব ৬২৬ থেকে ৫৮৭ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। বাইবেলের বিভিন্ন সংস্করণের বৈপরীত্য প্রমাণ করে যে, তার নামে লেখা এ পুস্তকটা তার যুগের প্রায় ৫০০ বছর পরেও চূড়ান্ত রূপ গ্রহণ করেনি; বরং পরিবর্তন ও পরিবর্ধনের অধীন ছিল। এ প্রসঙ্গে এনকার্টার যিরমিয় (Jeremiah) প্রবন্ধে বলা হয়েছে:

"Like all the prophetic books of the Bible, Jeremiah is a work produced through editing and redaction. ... The Book of Jeremiah is one of those Old Testament works that differ considerably as they are presented in the traditional Hebrew version (the Masoretic text) and the ancient Greek translation of the original (the Septuagint). The Greek version is longer than the Hebrew and appears in a different order. This suggests that the Book of Jeremiah was relatively late in reaching a fixed and final canonical status in the Hebrew Bible."

"নবীদের নামে প্রচলিত বাইবেলীয় অন্যান্য সকল পুস্তকের মতই যিরমিয় পুস্তকটা সম্পাদনা ও পরিবর্তনের মাধ্যমে তৈরি করা হয়েছে। ... যিরমিয়ের পুস্তকটা পুরাতন নিয়মের সে সকল পুস্তকগুলোর অন্যতম যেগুলোর বিষয়ে ঐতিহ্যগত ইহুদি বাইবেলের ভাষ্য এবং মূল বাইবেলের প্রাচীন গ্রিক অনুবাদ (সেপ্টুআজিন্ট)-এর ভাষ্যের মধ্যে গুরুত্বপূর্ণ বৈপরীত বিদ্যমান। হিব্রু সংস্করণের চেয়ে গ্রিক সংস্করণ দীর্ঘতর এবং ভিন্ন বিন্যাসে উপস্থাপিত। এ থেকে প্রতীয়মান হয় যে, যিরমিয়ের পুস্তকটার হিব্রু বাইবেলের মধ্যে নির্ধারিত ও চূড়ান্ত স্বীকৃত রূপ নিতে অনেক বিলম্ব হয়েছিল।"[1]

ফুটনোট

[1] Vawter, Rev. Bruce. "Jeremiah." Microsoft□ Student 2008 [DVD]. Redmond, WA: Microsoft Corporation, 2007.

Source — https://www.hadithbd.com/books/link/?id=13896

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন